

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩৫

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ বান্দার প্রতিটি সুবহানাল্লাহ, আলহামদু লিল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ ও আল্লাহু আকবার বলার কারণে মহান আল্লাহ তার জন্য সাদাকার সাওয়াব লিখে দেন

ذَكَرُ كِتَابَةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِلْعَبْدِ بِكُلِّ تَسْبِيحَةٍ صَدَقَةٌ وَكَذَلِكَ التَّكْبِيرُ وَالتَّحْمِيدُ وَالتَّهْلِيلُ

আরবী

835 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ أَسْمَاءَ قَالَ: حَدَّثَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونٍ قَالَ: حَدَّثَنَا وَاصِلُ بْنُ مَوْلَى أَبِي عُيَيْنَةَ عَنْ يَحْيَى بْنِ عَقِيلٍ عَنْ يَحْيَى بْنِ يَعْمُرَ عَنْ أَبِي الْأَسْوَدِ الدِّلِيِّ عَنْ أَبِي ذَرٍّ أَنَّ نَاسًا مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا: لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا رَسُولَ اللَّهِ زَهَبَ أَهْلُ الدُّثُورِ بِالْأَجْرِ يُصَلُّونَ كَمَا نُصَلِّي وَيَصُومُونَ كَمَا نَصُومُ وَيَتَصَدَّقُونَ بِفُضُولِ أَمْوَالِهِمْ قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَوَلَيْسَ قَدْ جَعَلَ اللَّهُ لَكُمْ مَا تَتَصَدَّقُونَ بِهِ كُلُّ تَسْبِيحَةٍ صَدَقَةٌ وَكُلُّ تَكْبِيرَةٍ صَدَقَةٌ وَكُلُّ تَحْمِيدَةٍ صَدَقَةٌ وَكُلُّ تَهْلِيلَةٍ صَدَقَةٌ وَأَمْرٌ بِمَعْرُوفٍ صَدَقَةٌ وَنَهْيٌ عَنِ مَنكَرٍ صَدَقَةٌ)

الراوي : أَبُو ذَرٍّ الْمَحْدَث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 835 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৩৫. আবু যার রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কিছু সাহাবী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সম্পদশালী ব্যক্তিগণ তো সব সাওয়াব নিয়ে নিচ্ছে; আমরা যেমন সালাত আদায় করি, তারাও সালাত আদায় করেন, আমরা যেমন সিয়াম রাখি, তারাও তেমনি সিয়াম রাখেন। তারা তাদের অতিরিক্ত সম্পদের মাধ্যমে সাদাকাহ করেন (যা আমরা পারি না)!” জবাবে তিনি বলেন, “আল্লাহ কি তোমাদের জন্য এমন কিছু নির্ধারণ করেননি, যার মাধ্যমে তোমরা সাদাকাহ করতে পারো? প্রতিটি সুবহান্নাহ বলাতে সাদাকাহ হয়, প্রতিটি আল্লাহু

আকবার বলাতে সাদাকাহ হয়, প্রতিটি আলহামদু লিল্লাহ বলাতে সাদাকাহ হয়, প্রতিটি লা ইলাহা ইল্লাল্লাহ বলাতে সাদাকাহ হয়। কোন ভাল কাজের আদেশ দান করা সাদাকাহ, কোন মন্দ কাজে নিষেধ করা সাদাকাহ।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৭২০; মুসনাদ আহমাদ: ৫/১৬৭; আবু দাউদ: ৫২৪৩; সহীহ আল বুখারী: ৮৪৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪৫৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89338>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন